গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনানের কার্যালয়
কর অঞ্চল-২৫, ঢাকা
স্কাউট শতাব্দী ভবন, ৬০, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা।
www.taxeszone25dhaka.gov.bd

নথি নং-জনবল সংক্রান্ত/কঃঅঃ-২৫, ঢাকা/২০২৬-২০২৭/ ৩৯০

তারিখঃ ২৪ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

নোটিশ

বিগত ০৬/১০/২০২৬ খ্রিঃ তারিখে কর অঞ্চল-২৫, ঢাকা কর্তৃক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সকল পদের বৈধ প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী **১৪/১১/২০২৬ খ্রিঃ শনিবার সকাল ১০.০০** ঘটিকায় **"বিএএফ শাহীন কলেজ, ঢাকা, জাহাঙ্গীর গেইট, ঢাকা ক্যান্টনমেন্ট"** এ অনুষ্ঠিত হবে। পরীক্ষার প্রবেশপত্র (tax25.teletalk.com.bd) থেকে ডাউনলোড করা যাবে। উল্লেখ্য যে, প্রবেশ পত্র ডাউনলোড করার জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রত্যেক প্রার্থীর আবেদনের সময় প্রদত্ত মুঠোফোন নম্বরে প্রেরণ করা হয়েছে।

পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলীঃ

১) পরীক্ষার্থীদের অবশ্যই "প্রবেশপত্র" সঙ্গে আনতে হবে এবং এটি কর্তব্যরত পরিদর্শককে দেখাতে হবে।
২) প্রবেশপত্রে থাকা ছবি মূল আবেদনপত্রের সঙ্গে জমা দেওয়া ছবির সঙ্গে মিলতে হবে।
৩) প্রবেশপত্রটি লিখিত পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা এবং মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে।
৪) পরীক্ষার্থীদের কালো কালির বলপয়েন্ট কলম আনতে হবে। পেন্সিল ব্যবহার নিষিদ্ধ।
৫) পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার হলে পৌছাতে হবে। পরীক্ষা শুরুর পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেওয়া হবে না।
৬) পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক ঘড়ি, হাতঘড়ি, মোবাইল ফোন ও অন্য কোন ধরনের ডিজিটাল ডিভাইস নিয়ে আসা কঠোরভাবে নিষিদ্ধ।
৭) জালিয়াতি, অসদুপায় অবলম্বন এবং অসদাচরণের জন্য দোষী সব্যস্ত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৮) পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষা চলাকালীন সময়ে ভাইভা বোর্ডে সকল মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে এবং সমস্ত সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ভাইভা বোর্ডে জমা দিতে হবে।
৯) পরীক্ষার্থীদের আবেদন ফর্ম, ইউনিয়ন পরিষদ/পৌরসভা এবং সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট ও এনআইডির মূলকপি নিজ জেলার প্রমাণক হিসাবে মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।
১০) লিখিত পরীক্ষায় অতিরিক্ত কাগজ সরবরাহ করা হবে না। লিখিত পরীক্ষার ফলাফল কর অঞ্চল-২৫, ঢাকা এর নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে (www.taxeszone25dhaka.gov.bd) প্রকাশ করা হবে। উক্ত নোটিশে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় ও স্থান উল্লেখ থাকবে।
১১) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১২) পরীক্ষা গ্রহণকালীন সময়ে কর্তৃপক্ষ যেকোনো সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯/১১/২৬

(মোঃ আইয়ুব আলী)
উপ কর কমিশনার,
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-২৫, ঢাকা
এবং
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-২৫, ঢাকা।